

শ্রমিক পরিবারের মাঝে বীমার চেক হস্তান্তর করল বিকেএমইএ

নিটওয়্যার শিল্পের ৮১টি শ্রমিক পরিবারের মাঝে মৃত্যুজনিত বীমার চেক হস্তান্তর করেছে বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ)। গতকাল রোববার সকালে ঢাকায় বিকেএমইএ কার্যালয়ে মৃত শ্রমিক পরিবারের মাঝে চেক হস্তান্তর করেন শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। প্রত্যেক শ্রমিক পরিবারকে ২ লাখ টাকা করে মোট ১ কোটি ৬২ লাখ টাকার চেক হস্তান্তর করা হয়।

বিকেএমইএ সভাপতি সেলিম ওসমান এমপির সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন সংগঠনটির প্রথম সহসভাপতি আসলাম সানি, দ্বিতীয় সহসভাপতি মুনসুর আহমেদ, সহসভাপতি (অর্থ) জিএম ফারুক, পরিচালক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পরিবারের প্রতিনিধিরা।

সভায় শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু নিট সেক্টরের উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধিসহ নতুন বাজার সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি নিটওয়্যার সেক্টরকে একটি শিল্পবান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে বিকেএমইএ প্রতিনিধিদের প্রয়োজনীয় সব ধরনের সহায়তার আশ্বাস দেন।

বিকেএমইএ সভাপতি সেলিম ওসমান বলেন, তাজরীন ফ্যাশনসে অগ্নিকাণ্ড ও রানা প্লাজা ধস-পরবর্তী সময়ে বাংলাদেশে তৈরি পোশাক কারখানাগুলোর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কাজ করেছে বিকেএমইএ। তিনি আরো বলেন, বিকেএমইএর অব্যাহত প্রচেষ্টায় গার্মেন্টগুলোকে শতভাগ কমপ্লায়েন্ট কারখানায় রূপান্তরের পথে অনেক দূর এগিয়ে যাওয়া সম্ভব হয়েছে। এতে বিদেশী ক্রেতা প্রতিষ্ঠানের হারানো আস্থা ফিরে এসেছে। বিজ্ঞপ্তি